



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/4/2025

গভর্নর ক্যাথি হোকল

## কংগ্রেসের প্রতি প্রেসিডেন্ট TRUMP-এর যৌথ ভাষণ সম্পর্কে গভর্নর KATHY HOCHUL-এর বিবৃতি

"নিউ ইয়র্কে (New York) এবং পুরো আমেরিকাতে (America) জীবনযাপনের খরচ অত্যন্ত বেশি। তবুও কংগ্রেসের (Congress) প্রতি প্রেসিডেন্ট Trump-এর (ট্রাম্প) ভাষণ এই ক্রয়ক্ষমতার সঙ্কটের ব্যাপারে একটিও অর্থপূর্ণ সমাধান দিতে ব্যর্থ হয়েছে।

আসলে আমরা তার ঠিক বিপরীতটি শুনেছি: পরিকল্পনার পর পরিকল্পনা যা ভোক্তাদের জন্য খরচ বাড়িয়ে দিবে। প্রেসিডেন্ট তার ট্যারিফ দ্বিগুণ করেছেন, যার ফলে নিউ ইয়র্কবাসীদের প্রতি বছর 1,200 মার্কিন ডলারের বেশি খরচ হবে এবং যা আমাদের পারিবারিক খামারগুলিকে বিপর্যস্ত করবে। তিনি কংগ্রেসকে CHIPS and Science Act বাতিল করতে আহ্বান করেছেন যার ফলে সেন্ট্রাল নিউ ইয়র্কে (Central New York) 50,000 চাকরি এবং 100 বিলিয়ন মার্কিন ডলার হারানোর ঝুঁকি সৃষ্টি হবে। এবং হেলথ কেয়ারের ব্যাপারে তিনি আশ্চর্যজনকভাবে চুপ ছিলেন - যখন কংগ্রেসে তার মিত্ররা বহু মিলিয়ন নিউ ইয়র্কবাসীর থেকে মেডিকেইড কভারেজ কেড়ে নেওয়ার হুমকি দিচ্ছেন।

কিন্তু নিউ ইয়র্কে আমরা এভাবে কাজ করি না। ক্রয়ক্ষমতার উপর আমাদের কড়া মনোযোগ আমি চালিয়ে যাবো, এমন বাজেট পাশ করানোর জন্য লড়াই করতে থাকবো যা মধ্যবিত্ত শ্রেণীর জন্য ট্যাক্স কমিয়ে দেয় এবং চাইল্ড ট্যাক্স ক্রেডিট তিনগুণ করে। ওয়াশিংটন (Washington) থেকে অর্থহীন যা কিছুই আসুক না কেনো, আপনাদের পকেটে অর্থ ফেরত দিতে আমি লড়াই চালিয়ে যাবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসারব্লুইব করুন](#)